তারিখ JUN 12 1999
পৃষ্ঠা কলাম

দৈনিক সংবাদ

৪৪

## নট্রামস-এ দুর্নীতি অপচয়-৪

# পরিচালক বাধাহীনভাবে দুর্নীতি করলেও মন্ত্রণালয় নিশ্চুপ!

॥ হাসিবুর রহমান বিলু ॥

জাতীয় বহুভাষী সাঁটলিপি প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নট্রামস) কেন্দ্রিক অনিয়ম দুর্নীতি ও কোটি কোটি টাকা-অপচয়ের ঘটনা শিক্ষা ও অর্থ মন্ত্রণালয় জানার পরেও পরিচালক আবদুল মান্নান সরকারের বিরুদ্ধে গত ১৫ বছরে একটিও শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়নি। শুধু তাই নয় রাষ্ট্রপতি নির্দেশ দেবার পরেও শিক্ষা মন্ত্রণালয় মান্নান সরকারের বিরুদ্ধে ৩ বছর আগে দায়ের করা বিভাগীয় মামলাটি চাপা দিয়ে রেখেছে।

সরকারি নথিপত্র থেকে যেসব তথ্য পাওয়া গেছে তাতে দেখা যায় শুরু থেকেই এ প্রতিষ্ঠানের পরিচালক আবদুল মান্নান সরকারের বিরুদ্ধে একের পর এক দুর্নীতি, অনিয়ম এবং সরকারি অর্থ অপচয়ের অভিযোগগুলো শিক্ষা মন্ত্রণালয়ে চাপা দিয়ে রাখতে সহযোগিতা করেছে সচিব থেকে শুরু করে পিয়ন পর্যায়ের অনেক কর্মকর্তা-কর্মচারীই। আর এ ধরনের কাজ করতে নট্রামস পরিচালক সরকারি কর্মকর্তাদের কম্পিউটার থেকে শুরু করে অনেক কিছু উপহার দিয়েছেন। এ অভিযোগের সত্যতা পাওয়া গেছে সাবেক শিক্ষা সচিব এইচ, এম আবদুল হাই '৯৬ সালের ১৫ই জুন নট্রামস পরিচালক আবদুল মান্নান সরকারকে যে অভিযোগনামা পাঠান তা থেকে। ঐ অভিযোগনামায় তার বিরুদ্ধে আরো ১০টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণ হবার কথা উল্লেখ করা হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমেদ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫-এর ৫ (বি) ও ৩ (ডি) ধারায় মান্নান সরকারের বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়েরের নির্দেশ দেন। কিন্তু মন্ত্রণালয় গত ৩ বছরেও সে নির্দেশ পালন করেনি, মন্ত্রণালয়ে নথিটিও নেই।


নট্রামস পরিচালক ব্যবসায় ব্যবস্থাপনা প্রকল্পের ৪ কোটি ৫৭ লাখ ৬০ হাজার টাকা বিধিবহির্ভূতভাবে ব্যয়ের বিষয়টি স্বীকার করার পরেও শিক্ষা মন্ত্রণালয় তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়নি, বরং তার এই অপরাধ মাফ করে দিয়ে বকেয়া পরিশোধের সুপারিশ করা হয় গত বছর ২৮শে সেপ্টেম্বর অনুষ্ঠিত নট্রামস বোর্ড অফ গভর্নসের ১৭তম সভায়। ঐ সভায় সভাপতিত্ব করেন শিক্ষা মন্ত্রণালয়ের সাবেক অতিরিক্ত সচিব ডাঃ তাহমিনা হোসেন, অথচ তারই সভাপতিত্বে '৯৭ সালের ২১শে আগস্ট অনুষ্ঠিত নট্রামস বোর্ড অফ গভর্নসের ১৫তম সভায় বলা হয়েছিল পরবর্তী অর্থাৎ ১৬তম সভায় পরিচালকের বিরুদ্ধে আনীত সকল অভিযোগ উত্থাপন করতে হবে এবং সংশ্লিষ্ট শাখা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। এরপর বোর্ড অফ গভর্নসের আরো ২টি সভা অনুষ্ঠিত হয়েছে; কিন্তু তাতে নট্রামস পরিচালকের দুর্নীতি তদন্ত প্রসঙ্গে কোন বিষয় উত্থাপন করা হয়নি।

শুধু তাই নয় প্রধানমন্ত্রীর দপ্তর থেকে '৯৭ সালের ২৬শে মে শিক্ষা সচিব ও দুর্নীতি দমন ব্যুরোর মহাপরিচালককে নট্রামস পরিচালকের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য যে নির্দেশ দেয়া হয়েছিল তাও চাপা দিয়ে রেখেছে শিক্ষা মন্ত্রণালয়। ঐ পত্রে স্বাক্ষর করেছিলেন প্রধানমন্ত্রীর একান্ত সচিব র আ ম উবায়াদুর মোকতাদিয়ার চৌধুরী।

নট্রামস পরিচালকের এসব দুর্নীতি, অনিয়ম ও অপচয়ের বিষয়ে শিক্ষা ও অর্থ মন্ত্রণালয়ে এ পর্যন্ত ৩০টি লিখিত অভিযোগ পাঠানো হয়েছে তদন্তও হয়েছে অনেকবার, অনিয়ম, দুর্নীতি ও অপচয়ের বিষয়ও ধরা পড়েছে বারবার কিন্তু আবদুল মান্নান সরকারের কিছুই হয়নি। শিক্ষা ও অর্থ মন্ত্রণালয় থেকে বিভিন্ন সময়ে যারা নট্রামস পরিচালকের দুর্নীতি ও অনিয়ম তদন্ত করতে আসেন তারা থাকেন নট্রাম-এর ভিআইপি গেস্টহাউজে, স্ত্রী-সন্তান নিয়ে বেড়ান পরিচালকের জিপ গাড়িতে করে।

### সন্ত্রাসী গ্রেফতার

ফেনী থানা পুলিশ গত ৬ই জুন রাতে ফেনী সদর থানার লেমুয়ার নেয়ামতপুর গ্রাম থেকে ৭ মামলার ফেরার সন্ত্রাসী বাবলুকে গ্রেফতার করেছে। পুলিশ জানায়, তার বিরুদ্ধে ৭টি মামলা ছাড়াও সন্ত্রাসের একাধিক অভিযোগ রয়েছে।



*ফরিদপুরঃ এককালের ফসলী জমিতে গড়ে উঠেছে ফরিদপুর জেলার শ্রেষ্ঠ বিদ্যাপীঠ 'কাদিরদী ডিগ্রি কলেজ'* —সংবাদ